২০

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 03 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১-২ ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিবহন বাসে শিবিরের বোমা ॥ আহত ১০

**রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** সোমবার বিকাল ৫টা ২০ মিনিটে রাজশাহী মহানগরীর পঞ্চবটি এলাকায় সশস্ত্র শিবির ক্যাডাররা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দু'টি পরিবহন বাসে বোমা হামলা চালালে তিন ছাত্রীসহ কমপক্ষে ১০ জন আহত হয়েছে। আহতদের মধ্যে গাড়ির ড্রাইভার মোবারক (৫৫), হেলপার মুরাদ (৩০) এবং সুরাইয়া সুলতানাকে আশঙ্কাজনক অবস্থায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বোমা হামলা চালিয়ে পালাবার সময় পুলিশ অকুস্থল থেকে ছাত্র শিবির ক্যাডার খলিলুর রহমান (২৪) ও ফয়সল করিম (২৫) কে গ্রেফতার করেছে।

(১৫ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পাতার পর)

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, সোমবার বিকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিবহন বাসগুলো পুলিশ স্কটে নগরীর দিকে আসার সময় পঞ্চবটি এলাকায় ছাত্র শিবির ক্যাডাররা এ বোমা হামলা চালায়। এ সময় প্রাণভয়ে যাত্রীরা দ্রুত বাস থেকে নেমে পার্শ্ববর্তী পদ্মার বাঁধে আশ্রয় নিয়ে নিজেদের রক্ষা করে। বোমা হামলাকারী ছাত্র শিবির ক্যাডাররা পালিয়ে যাবার সময় জনতার সহায়তায় পুলিশ উক্ত দুই শিবির ক্যাডারকে গ্রেফতার করতে সক্ষম হয়।

উল্লেখ্য, ছাত্র শিবিরের ডাকা ধর্মঘট উপেক্ষা করে প্রতিদিনের মতো সোমবারও কর্মকর্তা কর্মচারীরা স্বতঃস্ফূর্তভাবে অফিসে আসেন। সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের বিভিন্ন অফিসসমূহে স্বাভাবিক কাজকর্ম হয়েছে।

ছাত্রলীগ (শা-পা), ছাত্র ইউনিয়ন, ছাত্র মৈত্রীসহ বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিবহন বাসে ছাত্র শিবির ক্যাডারদের বোমা হামলার নিন্দা ও হামলাকারীদের গ্রেফতারের দাবি জানিয়েছে।